# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 JULY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

(১) শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয় সহ রাজ্যের কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত হওয়া সাতটি নতুন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের আজ শপথ গ্রহণ/

(২) ভারত ও ইংল্যান্ডের মধ্যে স্বাক্ষরিত মুক্ত বাণিজ্য চুক্তি চা রপ্তানি ক্ষেত্রের আমূল পরিবর্তন আনবে বলে মুখ্যমন্ত্রীর আশা প্রকাশ/

(৩) আসাম প্রদেশ বিজেপির বেশকয়েকটি মোর্চার নতুন সভাপতির নিযুক্তি প্রদান/

এবং

(৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের শিলচর-মহিশাসন-শিলচর ট্রেনটির চলাচল বর্তমানের সপ্তাহে দু্দিন থেকে বাড়িয়ে ছ'দিন করার সিদ্ধান্ত/ আগামী সোমবার থেকে তা কার্যকর/

------------------------------------------------------------------------------------

কলেজ থেকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত হওয়া রাজ্যের সাতটি নতুন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ আজ গুয়াহাটি রাজভবনে আয়োজিত এক গাম্ভীর্যপূর্ণ অনুষ্ঠানে শপথ গ্রহণ করেছেন । রাজ্যপাল তথা বিশ্ববিদ্যালয় সমূহের আচার্য লক্ষ্মণ প্রসাদ আচার্য নবনিযুক্ত উপাচার্যদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- নিরঞ্জন রায়, শিবসাগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- মহাদেব পাটগিরি, কোকরাঝাড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- গণেশ চন্দ্রোয়ারি, জগন্নাথ বড়ুয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- জ্যোতিপ্রসাদ শইকিয়া, নগাঁও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- ডঃ হিতেশ ডেকা, উত্তর লক্ষিমপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- মুকুল বরা এবং বঙাইগাও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য- তরণী চন্দ্র ডেকা শপথ গ্রহণ

করেন । উল্লেখ্য- আসাম সরকার গত ১৪ই জুলাই নতুন করে উন্নীত হওয়া বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্যদের নিযুক্তির কথা ঘোষণা করেছিল ।

---

ভারত ও ইংলেন্ডের মধ্যে গতকাল সাক্ষরিত মুক্ত বানিজ্য চুক্তি চা রপ্তানী ক্ষেত্রের আমূল পরিবর্তন সাধন করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন ।চুক্তিটির অধীনে ভারতীয় চা ব্রিটেনে শুল্কবিহীনভাবে রপ্তানি করার সুবিধা লাভ করা যাবে । এর আগে এই সুবিধা ইনষ্টেন্ট কফি , মশলা ও অন্যান্য বেশ কয়েকটি কৃষিজাত সামগ্রীর জন্য নির্ধারিত ছিল । শুল্কবিহীন রপ্তানী ব্যবস্থা ভারতীয় চায়ের বাজার প্রসারিত করবে বলে ড: শর্মা আশা প্রকাশ করেন । বর্তমানে দেশের চা রপ্তানীর ৫ দশমিক ৬ শতাংশ ইংলেন্ডে পাঠানোর বিপরীতে এই চুক্তিতে রপ্তানীর হার বৃদ্ধি হবার সম্ভাবনা রয়েছে ।এর ফলে চা সহ দেশে সামগ্রীক কৃষি রপ্তানীর ক্ষেত্রে তাৎপর্যপূর্ন পরিবর্তন হয়ে ২০৩০ সালের মধ্যে কৃষিজাত রপ্তানীর পরিমাণ ১০ হাজার কোটি ডলারে বৃদ্ধি করার লক্ষ্য পূর্ন হতে সহায়তা করবে ।

---

উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া গতকাল উত্তরপূর্বাঞ্চলের অষ্টলক্ষ্মী রাজ্যগুলির জন্য বাজেটে বরাদ্দ ১০ শতাংশ মোট সাহায্য ব্যবস্থার পর্যালোচনা করা সহ এর জন্য সহযোগীতা সুদৃড় করা বিষয়ে আলোচনা করেন । নতুনদিল্লীতে উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রনালয়ের উপদেষ্টা কমিটির বৈঠকে উত্তরপূর্বের রাজ্যগুলির বিভিন্ন ক্ষেত্রে উন্নত প্রদর্শনের বিষয়ে উল্লেখ করে শ্রী সিন্ধিয়া বলেন যে ২০১৪ সাল থেকে ১০ শতাংশ মোট আর্থিক সাহায্যের গড় ব্যবহার আশার থেকে ও ভালো হয়েছে । তিনি প্রভাবশালী প্রকল্পের শনাক্তকরণের ক্ষেত্রে সাংসদদের গুরুত্বপূর্ন ভূমিকার বিষয়ে আলোকপাত করেন ।

---

মূখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ মার্ঘেরিটা বিধানসভা কেন্দ্রের উন্নয়নমূলক প্রকল্পগুলির অগ্রগতির পর্যালোচনা করেন । ড: শর্মা কেন্দ্রটিতে পায়েহাটা উড়ান সেতুর প্রয়োজনীয়তা ও যোগাযোগ সম্পর্কীত সমস্যা , আসাম মালা প্রকল্পের অগ্রগতি , আদর্শ অংগনোয়াড়ী কেন্দ্রগুলিতে মানব সম্পদের সম্প্রসারণ , প্রধানমন্ত্রী শস্য বীমা যোজনায় হিতাধিকারীর অর্ন্তভূক্ত সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন ।

---

বিজেপির আসাম প্রদেশ কমিটির বেশ কয়েকটি মোর্চার নতুন সভাপতি নিযুক্তি দেওয়া হয়েছে । দলটির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়ার এসম্পর্কে জারি করা এক নির্দেশ

অনুযায়ী নীলিমা দেবীকে মহিলা মোর্চা , রাকেশ দাসকে যুব মোর্চা , সুভাষ দত্তকে অবিসি মোর্চা , নবারুন মেধিকে অনুসূচিত জাতি মোর্চা , হরেন সিং বেকে অনুসূচীত জনজাতি মোর্চা , পংকজ বরবরাকে কিষাণ মোর্চা , শান্তিউস কুজুরকে সংখ্যালঘু মোর্চা ও দুলেন নায়ককে দলের চা সম্প্রদায় মোর্চার রাজ্য সভাপতি হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে বলে আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------------------

গোয়ালপাড়া জেলায় চলা উচ্ছেদ অভিযানের সময়ে নীতি-নির্দেশনা লঙ্ঘন করার অভিযোগে আসাম সরকারের বিরুদ্ধে আদালত অবমাননা সংক্রান্ত মামলার শুনানি গ্রহণ করতে সুপ্রীম কোর্ট সম্মত হয়েছে । মুখ্য বিচারপতি বি আর গাওয়াই এবং বিচারপতি কে বিনোদ চন্দ্রনের দ্বারা গঠিত বিচারপীঠ গতকাল আসামের মুখ্য সচিব এবং এরসঙ্গে জড়িত অন্যান্যদের দুসপ্তাহের মধ্যে এই অভিযোগের জবাব দেবার নির্দেশ দিয়ে বিজ্ঞপ্তি জারী করেছে । বেসরকারী শুনানি এবং আবেদন অথবা বিচারবিভাগীয় পর্যালোচনার জন্য পর্যাপ্ত সময় না দিয়ে ঐ জেলায় উচ্ছেদ করা হয়েছে বলে গোয়ালপাড়ার আটজন আবেদনকারী সুপ্রীম কোর্টে অভিযোগ দাখিল করেছিলেন ।

--------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে শিলচর এবং মহিশাসনের মধ্যে চলাচলকারী দুই জোড়া যাত্রীবাহী ট্রেনের ফ্রিকোয়েন্সি বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । অর্থাৎ শিলচর-মহিশাসন-শিলচর যাত্রীবাহী ট্রেনের চলাচল বর্তমানের সপ্তাহে দুদিন থেকে বাড়িয়ে ছ'দিন করা হয়েছে । এই রুটে ট্রেন চলাচলের ফ্রিকোয়েন্সি বৃদ্ধি পাওয়ায় নিয়মিত যাত্রী, ব্যবসায়ী, শিক্ষার্থী এবং অফিসগামী লোকেদের জন্য সহায়ক হবে । এবং এতে করে স্থানীয় অর্থনীতি ও বাজার ইত্যাদিকেও উৎসাহিত করবে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে আশা প্রকাশ করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে আগামী সোমবার থেকে শিলচর ও মহিশাসন উভয় দিক থেকেই সপ্তাহে ছ'দিন এই ট্রেন চলাচল করবে ।

--------------------------------------------------------------------------------------------

সাংসদ তথা আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ দুদিনের হাইলাকান্দি সফরসূচী নিয়ে আগামীকাল হাইলাকান্দি আসছেন । শ্রী গগৈ দুপুর দেড়টায় কুম্ভীরগ্রাম বিমানবন্দরে এসে হাইলাকান্দির উদ্দেশ্যে রোয়ানা দেবেন ।সেখানে আমার বুথ আমার দাবী কার্যসূচীর অধীনে তিনি জানকি বাজার , আলগাপুর মকতব ও ঋষি অরবিন্দ প্রথমিক বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । এরপর তিনি নারাইনপুর বেসিক চৌরংগী তেমাথায় আয়োজিত এক জনসভায় অংশ গ্রহণ করে

ভাষন দেবেন । পরদিন অর্থাৎ রবিবার সকালে হাইলালাকান্দিতে সাংবাদিকদের সংগে মত বিনিময় করবেন ।এরপর তিনি জেলার কয়েকজন প্রবীন নাগরিকের সংগে মিলিত হয়ে শিলচর কুম্ভীরগ্রাম বিমানবন্দরের উদ্দেশ্যে রোয়ানা দেবেন বলে হাইলাকান্দি জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

রাজ্যের জনস্বাস্থ্য কারিগরী এবং নগর ও আবাসন বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আগামী রবিবার শ্রীভুমি সফরে আসছেন । আগামী রবিবার সকাল সাড়ে নটায় শ্রীভূমি পৌছে মন্ত্রী শ্রীবরুয়া শ্রীভূমি শহরের লঙ্গাই-তে জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের প্রকল্পের ভূমি পূজা করবেন । এরপর সকাল ১১টায় শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার ভবনে মন কি বাত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ।

---

শ্রীভূমি জেলার সৈনিক কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শ্রীভূমি জেলার আর্মি , নেভি ও এয়ার ফোর্সের প্রাক্তন সেনা কর্মীর সন্তান যারা এম বি বি এস এবং বি ডি এস কোর্সে ভর্তি হতে ইচ্ছুক , তাদেরকে সেন্ট্রাল পুল কোটায় অনলাইনে আগামী ১৫ই আগস্ট রাত ১২টার মধ্যে আবেদন করতে হবে । বিশদ বিবরণের জন্য সংশ্লিষ্ট ওয়েব সাইট দেখতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে- জেলার বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের পি এম পোষণের অর্ন্তগত মধ্যাহ্ন ভোজনের আহারের জুলাই, আগস্ট এবং সেপ্টেম্বর মাসের চাল বরাদ্দ করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ৫৮ হাজার ৮শ ৬৩ জন ছাত্র-ছাত্রীর জন্য দু হাজার ৫শ ৭৭ কুইন্টাল চাল বরাদ্দ করা হয়েছে । ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ৩১ হাজার ৬শ ১২ জন ছাত্র-ছাত্রীর জন্য এক হাজার ৮শ ১১ কুইন্টাল ৮৪ কিলোগ্রাম চাল বরাদ্দ করা হয়েছে । এছাড়া বাল বাটিকা প্রকল্পে ৫ হাজার ৬৩৫ জন ছাত্র-ছাত্রীর জন্য ২৩১ কুইন্টাল দুই কিলোগ্রাম চাল বরাদ্দ করা হয়েছে । উল্লেখ্য জুলাই মাসের জন্য ৫ দিন , আগস্ট মাসের জন্য ২৪ দিন এবং সেপ্টেম্বর মাসের জন্য ২২ দিনের চাল বরাদ্দ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২৮শে জুলাই সোমবার, স্বাধীনতা সংগ্রামী দেশভক্ত তরুণরাম ফুকনের প্রয়ান দিবসকে দেশভক্তি দিবস হিসেবে পালন করা হবে । এই উপলক্ষ্যে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা আয়ুক্তের

কার্যালয়ের সভাকক্ষে সকাল ১১টায়  তরুণরাম ফুকনের জীবন ও কর্মের উপর একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছে । উল্লেখ্য- স্বাধীনতা সংগ্রামী দেশভক্ত তরুণরাম ফুকনের সংগ্রামী জীবন নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে রাজ্য সরকারের নির্দেশে ২০১১ সাল থেকে ২৮শে জুলাই দিনটি দেশভক্তি দিবস হিসেবে পালন করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় নাংকিউ ইয়ুথ ক্লাব ৩-২ গোলে রিয়েল ব্রাদার্স ইউনাইটেড  ক্লাবকে  পরাজিত করেছে  ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার প্রথম কোয়াটার ফাইনালের খেলা আগামী ২৮শে জুলাই রাইজিং ক্লাব ও সিংগেররবন্দ ফুটবল একাডেমীর মধ্যে অনুষ্ঠিত হবে  ।

--------------------------------------------------------------------------------